

# 🔳 আন-নাজম | An-Najm | النَّجْم

আয়াতঃ ৫৩:১০

💵 আরবি মূল আয়াত:

# فَأُوحٰى اللَّى عَبِدِهِ مَا أُوحٰى ﴿١٠١﴾

#### 🗚 অনুবাদসমূহ:

অতঃপর তিনি তাঁর বান্দার প্রতি যা ওহী করার তা ওহী করলেন। — আল-বায়ান
তখন (আল্লাহ) তাঁর বান্দাহর প্রতি ওয়াহী করলেন যা ওয়াহী করার ছিল। — তাইসিরুল
তখন আল্লাহ তাঁর বান্দার প্রতি যা অহী করার তা অহী করলেন। — মুজিবুর রহমান
And he revealed to His Servant what he revealed. — Sahih International

### ১০. তখন আল্লাহ তাঁর বান্দার প্রতি যা ওহী করার তা ওহী করলেন।(১)

(১) এখানে الْوَحَى (বা ওহী প্রেরণ করেন) ক্রিয়াপদের কর্তা স্বয়ং আল্লাহ তা'আলা এবং عَبْدُه (বা তার বান্দা) এর সর্বনাম দ্বারা আল্লাহ্ তা'আলাকেই বোঝানো হয়েছে। অর্থাৎ জিবরীল আলাইহিস সালাম-কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম এর কাছে প্রেরণ করে আল্লাহ তা'আলা তার প্রতি ওহী নাযিল করলেন। [দেখুন: আত্তাহরীর ওয়াত তানওয়ীর, তাবারী]। এক হাদীসে এসেছে, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামকে তিনটি জিনিস দেয়া হয়। পাঁচ ওয়াক্ত সালাত, সূরা আল-বাকারাহ এর শেষ আয়াতসমূহ এবং তার উম্মতের মধ্যে যারা আল্লাহর সাথে শিক্ করবে না তাদের জন্য ক্ষমার ঘোষণা। [মুসলিম: ১৭৩]

তাফসীরে জাকারিয়া

## (১০) তখন আল্লাহ তাঁর দাসের প্রতি যা অহী করার তা অহী করলেন। [1]

[1] এর দ্বিতীয় অর্থঃ জিবরীল (আঃ) আল্লাহর বান্দা মুহাম্মাদ (সাঃ)-এর জন্য যে অহী অথবা বার্তা নিয়ে এসছেলেন, সেটা তিনি তাঁর কাছে পৌঁছে দিলেন।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4794

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন